বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ

ভর্তি বিজ্ঞপ্তি

স্নাতক (লেভেল-১ সিমেস্টার-১) শ্রেণী

শিক্ষাবর্ষ ঃ ২০১৬-২০১৭

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকৃবি) ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে বিভিন্ন অনুষদে স্নাতক (লেভেল-১ সিমেস্টার-১) শ্রেণীতে ভর্তিচ্ছুক আবেদনকারীদের নিকট থেকে অনলাইনে (online) অথবা মোবাইল থেকে SMS এর মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (http://admission.bau.edu.bd) এ ভর্তি সংক্রান্ত সকল তথ্য পাওয়া যাবে।

১. আসন সংখ্যা ঃ ১২০০ (এক হাজার দুই শত)

ক্রঃ নং	অনুষদের নাম		আসন সংখ্যা			মোট
			সাধারণ	মুক্তিযোদ্ধা	উপজাতীয়	
১.	ভেটেরিনারি অনুষদ		১৮০	১০	১	১৯১
২.	কৃষি অনুষদ		৩৮১	২০	১	৪০২
৩.	পশু পালন অনুষদ		১৮০	১০	১	১৯১
৪.	কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান অনুষদ		১২৬	৬	১	১৩৩
৫.	কৃষি প্রকৌশল ও কারিগরি অনুষদ					
	i.	এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং	৯৪	৫	১	১০০
	ii.	ফুড ইঞ্জিনিয়ারিং	৪৮	২		৫০
৬.	মাৎস্য বিজ্ঞান অনুষদ		১২৬	৬	১	১৩৩
সর্বমোট =			**১১৩৫**	**৫৯**	**৬**	**১২০০**

২. আবেদনের ন্যূনতম যোগ্যতা ঃ

ক) ২০১৩/২০১৪ সালে এসএসসি/সমমান এবং ২০১৫/২০১৬ সালে এইচএসসি/সমমানের পরীক্ষায় বিজ্ঞান গ্রুপ থেকে পাশ করতে হবে।

খ) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় সমষ্টিগতভাবে ন্যূনতম জিপিএ ৯.০ পেতে হবে। **তবে সকল আবেদনকারীকেই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে না। আবেদনকারীদের মধ্যে থেকে মেধা ভিত্তিতে মোট আসন সংখ্যার সর্বোচ্চ ১০ (দশ) গুনক অর্থাৎ সর্বোচ্চ ১২০০০ (বার হাজার) জনকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে।**

গ) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় পদার্থ, রসায়ন, গণিত এবং জীববিদ্যা আলাদা বিষয় হিসেবে থাকতে হবে।

৩. আবেদনের সময়সীমা ঃ ০৭ সেপ্টেম্বর থেকে ০৬ অক্টোবর ২০১৬ তারিখ পর্যন্ত।

৪. আবেদনের নিয়মাবলী ঃ

ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য নিম্নবর্ণিত **দুইটি পদ্ধতির যে কোন একটির মাধ্যমে** আবেদন করা যাবে ঃ

ক) **অনলাইনের (online) মাধ্যমে ঃ**

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (http://admission.bau.edu.bd) গিয়ে অনলাইনে আবেদন ফরম পূরণ করতে হবে। উক্ত ফরমটি যথাযথভাবে পূরণ করা হলেই আবেদনকারীর জন্য একটি বিল নাম্বার (Bill Number) তৈরী হবে, যেটি আবেদন ফি জমা প্রদানের সময় ব্যবহার করতে হবে।

খ) **SMS এর মাধ্যমে ঃ**

SMS এর মাধ্যমে আবেদনের জন্য আবেদনকারীর নিজস্ব মোবাইল (যে কোন অপারেটরের) ফোনের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে MMS <স্পেস> BAU <স্পেস> SSC পরীক্ষার রোল নম্বর <স্পেস> SSC পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর <স্পেস> SSC পাশের সাল <স্পেস> SSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <স্পেস> HSC পরীক্ষার রোল নম্বর <স্পেস> HSC পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর <স্পেস> HSC পাশের সাল <স্পেস> HSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <স্পেস> কাঙ্খিত কোটার কীওয়ার্ড লিখে (কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে) 6969 নম্বরে SMS করতে হবে। তবে কোটায় আবেদন না করলে কোন কীওয়ার্ড লিখার প্রয়োজন নাই।

সঠিক আবেদনকারীর ক্ষেত্রে তাৎক্ষণিকভাবে SMS এর মাধ্যমে উক্ত মোবাইলে একটি বিল নাম্বার (Bill Number) প্রদান করা

হবে, যেটি আবেদন ফি জমা প্রদানের সময় ব্যবহার করতে হবে।

কোটা সমূহের কীওয়ার্ড ঃ মুক্তিযোদ্ধার সন্তান/নাতী/নাতনী হলে FF, বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতি ও অ-উপজাতি হলে HT এবং বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চল ব্যতিত অন্যান্য অঞ্চলের উপজাতি হলে OT।

শিক্ষা বোর্ডের কীওয়ার্ড ঃ ঢাকা DHA, রাজশাহী RAJ, চট্টগ্রাম CHI, যশোর JES, কুমিল্লা COM, সিলেট SYL, বরিশাল BAR, দিনাজপুর DIN, মাদ্রাসা MAD, কারিগরি TEC

৫. আবেদন ফি প্রদানের নিয়মাবলী ঃ

ক) ডাচ্ বাংলা ব্যাংকের (DBBL) মোবাইল ব্যাংকিং একাউন্ট অথবা এজেন্ট পয়েন্টের মাধ্যমে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের Biller ID 336 নং এ আবেদন ফি বাবদ ৭০০ (সাত শত) টাকা জমা দিতে হবে। Payment প্রদানের আরো বিস্তারিত নিয়মাবলী Flow-chart আকারে ওয়েবসাইটে পাওয়া যাবে।

খ) Payment সম্পন্ন হওয়ার পর যে মোবাইল হতে টাকা পাঠানো হয়েছে, সেটিতে তাৎক্ষনিক একটি SMS আসবে, যার মধ্যে Transaction ID উল্লেখ থাকবে। এই Transaction ID টি সংরক্ষণ করতে হবে; কেননা Payment প্রদানে কোন সমস্যা হলে তা সমাধানের জন্য Transaction ID টি উল্লেখ করে admission@bau.edu.bd এ যোগাযোগ করতে হবে। Payment সঠিকভাবে সম্পন্ন হয়েছে কিনা, তা জানতে চাইলে MMS <স্পেস> BAU <স্পেস> PAY <স্পেস> Bill Number লিখার পর 6969 নম্বরে SMS করতে হবে।

৬. প্রবেশপত্র ডাউনলোড

ক) আবেদনকারীগণ **১৬ থেকে ২৭ অক্টোবর ২০১৬** তারিখ পর্যন্ত সময়ের মধ্যে ওয়েবসাইট (http://admission.bau.edu.bd) থেকে নিজ নিজ প্রবেশপত্র ডাউনলোড করতে পারবে। প্রবেশপত্র ডাইনলোডের পূর্বে আবেদনকারীর পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবির সফ্ট কপি (JPG format, ফাইল সাইজ ৫০ কিলো বাইটের মধ্যে) আপলোড করতে হবে।

খ) কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে নিম্নলিখিত রেকর্ডপত্রের সফ্ট কপি ওয়েবসাইটে আপলোড করতে হবে, অন্যথায় তাদের কোটায় ভর্তির আবেদন বিবেচিত হবে না ঃ

i) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানীর অনুকূলে সরকার স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্র।

ii) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীগণকে মুক্তিযোদ্ধার সাথে পারিবারিক সম্পর্কের প্রত্যয়নপত্র এবং মুক্তিযোদ্ধার সনদপত্রে প্রদত্ত ঠিকানা ও স্থায়ী ঠিকানার মধ্যে গরমিল হলে তাদের ঠিকানা পরিবর্তন সংক্রান্ত প্রত্যয়নপত্র। উভয় প্রত্যয়নপত্রই জেলা প্রশাসক/ইউএনও/মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত হতে হবে।

iii) বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতি ও অ-উপজাতি এবং বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম ব্যতীত অন্যান্য জেলার উপজাতি আবেদনকারীকে স্ব-স্ব জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত জেলার স্থায়ী বাসিন্দা সম্পর্কিত প্রত্যয়নপত্র।

গ) প্রবেশপত্র ডাউনলোড করে A4 সাইজ অফসেট পেপারে প্রিন্ট করে নিতে হবে এবং Student's Signature এর উপরে আবেদনকারীকে স্বাক্ষর করে পরীক্ষার দিন সঙ্গে নিয়ে আসতে হবে। প্রবেশপত্র ব্যতিত কোন আবেদনকারীকেই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

৭. লিখিত নির্বাচনী পরীক্ষা

ক) ভর্তি পরীক্ষার সীট প্ল্যান **২৭ অক্টোবর ২০১৬** তারিখে ওয়েবসাইটে প্রকাশ করা হবে। SMS এর মাধ্যমে সীট প্ল্যান জানার জন্য MMS <স্পেস> BAU <স্পেস> SEAT <স্পেস> ভর্তি পরীক্ষার রোল নম্বর লিখে 6969 নম্বরে SMS করতে হবে।

খ) কেন্দ্রীয়ভাবে ১০০ নম্বরের লিখিত নির্বাচনী পরীক্ষা আগামী **২৯ অক্টোবর ২০১৬** তারিখ শনিবার বেলা **১১:০০ টা থেকে ১২:০০ টা** পর্যন্ত বিশ্ববিদ্যালয় চত্বরে অনুষ্ঠিত হবে।

গ) উচ্চ মাধ্যমিক পর্যায়ের সর্বশেষ পাঠ্যক্রম অনুসরণে পদার্থ, রসায়ন, গণিত ও জীববিদ্যা বিষয়ে Multiple Choice Question (MCQ) পদ্ধতিতে লিখিত পরীক্ষার প্রশ্নপত্র প্রণীত হবে।

ঘ) পৃথক নির্দিষ্ট উত্তরপত্রে প্রশ্নের উত্তর দিতে হবে, যা অপটিক্যাল মার্ক রিডার (OMR) দ্বারা মূল্যায়ন করা হবে।

ঙ) প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ (শূন্য দশমিক দুই পাঁচ) নম্বর কর্তন করা হবে।

চ) লিখিত নির্বাচনী পরীক্ষার ন্যূনতম পাশ নম্বর ৩০।

৮. মেধা স্কোর

লিখিত পরীক্ষার জন্য ১০০ নম্বর এবং এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-র যথাক্রমে ৮ ও ১২ গুণ অর্থাৎ

এসএসসি/সমমান হতে ৪০ এবং এইচএসসি/সমমান হতে ৬০ নম্বর যোগ করে সর্বমোট ২০০ নম্বরের মধ্যে মেধা স্কোর নির্ধারণ করা হবে।

৯. বিশেষ জ্ঞাতব্য বিষয়

(ক) অসম্পূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(খ) পরীক্ষার্থীকে প্রবেশ পত্র ও কালো কালির বলপেন সঙ্গে আনতে হবে এবং সায়েন্টিফিক ক্যালকুলেটর সঙ্গে আনতে পারবে। তবে কেবলমাত্র fx-100 (MS, S, V, W, Z, C, D) / fx-570 (MS, S, W, Z) / fx-991 (MS, W, S, H, Z) মডেলের ক্যালকুলেটর ব্যবহার করা যাবে। **কোন অবস্থাতেই পরীক্ষার হলে মোবাইল ফোন/ইলেকট্রনিক ডিভাইস নিয়ে প্রবেশ করা যাবে না।**

(গ) ভর্তি পরীক্ষার ফলাফল জানার জন্য MMS <স্পেস> BAU <স্পেস> RES <স্পেস> ভর্তি পরীক্ষার রোল নম্বর লিখে 6969 নম্বরে SMS করতে হবে।

(ঘ) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ভর্তি সংক্রান্ত আইন/নিয়ম সংশোধন, সংযোজন বা পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করে।

১০. ভর্তি সংক্রান্ত যোগাযোগ

প্রফেসর মোঃ আবদুর রশীদ
ডীন, কৃষি প্রকৌশল ও কারিগরি অনুষদ ও আহ্বায়ক, ভর্তি পরীক্ষা কমিটি-২০১৭
ফোন নম্বর ঃ ০৯১-৬৭৪২৭, ০৯১-৬৭৪০১ থেকে ০৬ এক্সটেনশন ২৮০০।
ভর্তি তথ্য সেল ঃ ০৯১-৬৭৪০১ থেকে ০৬ এক্সটেনশন ২১১০, ২১২৪ ও ২১৩০।
Help Line: মোবাইলঃ ০১৭৯৯ ৪৯৮০০১। E-mail: admission@bau.edu.bd

২০১৬-১৭ শিক্ষাবর্ষে স্নাতক শ্রেণীতে ভর্তি সংক্রান্ত গুরুত্বপূর্ণ তারিখ সমূহ

নং	ডবষয়	তারিখ ও সময়
১.	পত্রিকা ও ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ	০৫ সেপ্টেম্বর ২০১৬ তারিখের মধ্যে
২.	আবেদন গ্রহণ শুরু ও শেষ	০৭ সেপ্টেম্বর থেকে ০৬ অক্টোবর ২০১৬
৩.	পরীক্ষার জন্য যোগ্য প্রার্থীর তালিকা ওয়েবসাইটে প্রকাশ	১৫ অক্টোবর ২০১৬
৪.	ওয়েবসাইটের মাধ্যমে ছবি আপলোড, কোটার প্রার্থীদের প্রমানপত্র আপলোড এবং প্রবেশপত্র ডাউনলোড	১৬ থেকে ২৭ অক্টোবর ২০১৬
৫.	ওয়েবসাইটে আসন বিন্যাস প্রকাশ	২৭ অক্টোবর ২০১৬
৬.	ভর্তি পরীক্ষা	২৯ অক্টোবর ২০১৬ সকাল ১১:০০ টা থেকে ১২:০০ টা
৭.	ফলাফল প্রকাশ	০১ নভেম্বর ২০১৬ তারিখের মধ্যে
৮.	মেধা ও অপেক্ষমান তালিকাভূক্ত প্রার্থীদের ওয়েবসাইটের মাধ্যমে অনুষদ ভিত্তিক অপশন ও তথ্য প্রদান এবং ফরমসমূহ ডাউনলোড	০২ থেকে ১৫ নভেম্বর ২০১৬
৯.	মেধা তালিকাভূক্ত প্রার্থীদের অনুষদ ভিত্তিক ফলাফল প্রকাশ	২০ নভেম্বর ২০১৬
১০.	মেধা তালিকাভূক্ত প্রার্থীদের ভর্তি	২৮ নভেম্বর ২০১৬ সকাল ১০:০০ টা থেকে বিকাল ৫:০০ টা
১১.	অটোমাইগ্রেশন এবং শূন্য আসনের (যদি থাকে) তালিকা প্রকাশ	০৪ ডিসেম্বর ২০১৬
১২.	অপেক্ষমান তালিকাভূক্ত প্রার্থীদের সশরীরে উপস্থিত হয়ে রিপোর্ট	০৭ ডিসেম্বর ২০১৬ সকাল ১০:০০ টা থেকে বিকাল ৪:০০ টা
১৩.	রিপোর্টকৃত প্রার্থীদের অনুষদ ভিত্তিক ফলাফল প্রকাশ	০৭ ডিসেম্বর ২০১৬ রাত ০৮:০০ টার মধ্যে
১৪.	নির্বাচিত প্রার্থীদের ভর্তি	০৮ ডিসেম্বর ২০১৬ সকাল ১০:০০ টা থেকে বিকাল ৫:০০ টা
১৫.	অটোমাইগ্রেশন এবং শূন্য আসনের (যদি থাকে) তালিকা প্রকাশ	২০ ডিসেম্বর ২০১৬
১৬.	পূর্বে রিপোর্টকৃত অপেক্ষমান তালিকাভূক্ত প্রার্থীদের সশরীরে উপস্থিত হয়ে রিপোর্ট প্রদান	২১ ডিসেম্বর ২০১৬ সকাল ১০:০০ টা থেকে দুপুর ২:০০ টা

১৭.	রিপোর্টকৃত প্রার্থীদের অনুষদ ভিত্তিক ফলাফল প্রকাশ	২১ ডিসেম্বর ২০১৬ সন্ধ্যা ০৬:০০ টার মধ্যে
১৮.	নির্বাচিত প্রার্থীদের ভর্তি	২২ ডিসেম্বর ২০১৬ সকাল ১০:০০ টা থেকে বিকাল ৫:০০ টা
১৯.	কেন্দ্রীয় ওরিয়েন্টেশন	২৯ ডিসেম্বর ২০১৬ সকাল ১০:৩০ মিনিটি
২০.	অনুষদ ভিত্তিক ওরিয়েন্টেশন	অনুষদীয় ডীন মহোদয়গণ তারিখ ও সময় নির্ধারণ করবেন
২১.	হল ভিত্তিক ওরিয়েন্টেশন	হলের প্রভোস্ট মহোদয়গণ তারিখ ও সময় নির্ধারণ করবেন
২২.	ক্লাশ শুরু	০১ জানুয়ারি ২০১৭

স্বাঃ/-
রেজিস্ট্রার